

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

সম্ভাব্য আকস্মিক বন্যার কারণে সিলেট, সুনামগঞ্জ, কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও নেত্রকোনা জেলার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)।

আগডেটের তারিখ: ১৫ এপ্রিল, ২০২২ (ইস্যু করার তারিখ: ১১ এপ্রিল, ২০২২)

আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় হাওর অঞ্চলের নদ-নদী পরিস্থিতি ও পূর্বাভাস

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গানিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় দেশের উত্তরপূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন আসাম মেঘালয় ও অরুনাচল প্রদেশের কতিপয় স্থানে এবং দেশের অভ্যন্তরে ভারী বৃষ্টিপাতের ফলে সিলেট ও সুনামগঞ্জ জেলার প্রধান নদনদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে। যার ফলে, সুরমা নদী সিলেট ও সুনামগঞ্জ জেলার কতিপয় পয়েন্টে বিপদসীমা অতিক্রম করে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে।

আগামী ৭২ থেকে ৯৬ ঘণ্টায় হাওর অঞ্চলের নদ-নদী পরিস্থিতি ও পূর্বাভাস

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গানিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৭২ থেকে ৯৬ ঘণ্টায় দেশের উত্তরপূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন আসাম মেঘালয় ও অরুনাচল প্রদেশের কতিপয় স্থানে এবং দেশের অভ্যন্তরে ভারী বৃষ্টিপাতের ফলে নেত্রকোনা, কিশোরগঞ্জ ও হবিগঞ্জ জেলার প্রধান নদনদীসমূহের পানি সমতল দ্রুত বৃদ্ধি পেতে পারে। যার ফলে, নেত্রকোনা, কিশোরগঞ্জ ও হবিগঞ্জ জেলার কতিপয় পয়েন্টে বিপদসীমা অতিক্রম করে আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ সাপেক্ষে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ ও হবিগঞ্জ জেলায় আকস্মিক বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত জরুরি পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- ২। দ্রুত পরিপক্ব সবজি ও অন্যান্য ফসল সংগ্রহ করে ফেলুন।
- ৩। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন ধানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৪। জমির আইল উঁচু করে দিন।
- ৫। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৬। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৭। বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- ৮। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। জরুরি খাদ্য ও অন্যান্য সামগ্রী নীচু এলাকা থেকে উঁচু এলাকায় স্থানান্তরের জন্য নৌকার ব্যবস্থা রাখুন।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী উঁচু জায়গায় রাখুন।
- ১১। পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন বন্যার পানিতে মাছ ভেসে না যায়।



ড. মোঃ শাহ কামাল খান
প্রকল্প পরিচালক

মোবাইল ফোন নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪